বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
এসএমই বিভাগ

ফোন : ৯৫৬০৭৩৭
পিএবিএক্স : ৯৫৬০০২১-২২
(এক্সটেনশন-২৪৩)
E-mail : dgmsme@krishibank.org.bd

নং-বিকেবি-প্রকা/এসএমইবি-৭(১)/২০১৭-১৮/২৯ (১২৫০)

তারিখ : ২৫/০৭/২০১৭

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক এর মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : ম্যানুফেকচারিং ও সেবা খাতের কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প এবং ট্রেডিং খাতের মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোগের সংজ্ঞা এবং ঋণসীমা নির্ধারণ প্রসংগে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জাতীয় শিল্পনীতি ২০১৬ এ প্রদত্ত শিল্প ও শিল্প প্রতিষ্ঠানের সংজ্ঞার আলোকে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা'র এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ বিভাগ কর্তৃক বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের অনুসরণের জন্য ম্যানুফেকচারিং ও সেবা খাতের কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প এবং ট্রেডিং খাতের মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোগ এর সংজ্ঞা এবং সর্বোচ্চ ঋণসীমা পুনঃনির্ধারণপূর্বক এসএমইএসপিডি সার্কুলার নং-২ তারিখ ২৯ জুন, ২০১৭ এর মাধ্যমে জারী করা হয়েছে। যার অনুলিপি আপনাদের সকলের অবগতি ও অনুসরনের জন্য এতদ্বসংগে সংযোজন করা হলো।

০২। এমতাবস্থায়, এখন থেকে বাংলাদেশ ব্যাংকের উপরোক্ত সার্কুলারে বর্ণিত ম্যানুফেকচারিং ও সেবা খাতের কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প এবং ট্রেডিং খাতের মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোগের সংজ্ঞা এবং নির্ধারিত ঋণসীমা অনুসরনপূর্বক এসএমই খাতে ঋণ মঞ্জুর ও রিপোর্টিং করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, **বাংলাদেশ কৃষি ব্যাংকের এসএমই ঋণ নীতিমালা-২০১০ (পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-২৬/২০১০, তারিখ ৩০/১১/২০১০ এর মাধ্যমে জারীকৃত)** এর ০৩ নং অনুচ্ছেদে বর্ণিত ক্ষুদ্র ও মাঝারী শিল্পের সংজ্ঞা এবং জাতীয় শিল্পনীতি ২০১০ মোতাবেক প্রকল্প বাস্তবায়ন বিভাগ কর্তৃক ১৯/০৭/২০১১ তারিখের পত্র নং-বিকেবি-প্রকা/প্রবাবি-৩(৬৩)/২০১১-১২/৩৯(১২০০) মূলে জারীকৃত কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারী শিল্প/উদ্যোগের **সংজ্ঞা এতদ্বসংগে বাতিল বলে গণ্য হবে।**

অনুমোদনক্রমে-

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

আপনার বিশ্বস্ত,
২৫/০৭/২০১৭
(ঠাকুর দাস কুন্ডু)
মহাব্যবস্থাপক
পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপিঃ

০১. চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০২. ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩. সকল মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা/ ষ্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৪. সকল উপ-মহাব্যবস্থাপক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫. উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা (তাঁকে পত্রখানি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো)।
০৬. সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭. নথি/ মহানথি।

২৫/০৭/১৭
(মির্জা আরিফুজ্জামান)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

**প্রধান কার্যালয়**

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ

www.bb.org.bd

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ বিভাগ


এসএমইএসপিডি সার্কুলার নং-২

১৫ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ
তারিখ ঃ ------------------------
২৯ জুন ২০১৭ খ্রীষ্টাব্দ

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

**ম্যানুফেকচারিং ও সেবা খাতের কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প এবং ট্রেডিং খাতের মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোগের সংজ্ঞা এবং ঋণসীমা নির্ধারণ প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ে ০৭ জানুয়ারী ২০১৬ তারিখে জারীকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০১ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। বর্ণিত সার্কুলারের মাধ্যমে জারীকৃত কটেজ, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্পের/উদ্যোগের সংজ্ঞা সংশোধনপূর্বক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জাতীয় শিল্পনীতি ২০১৬ এ প্রদত্ত শিল্প ও শিল্প প্রতিষ্ঠানের সংজ্ঞার আলোকে বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের অনুসরণের জন্য ম্যানুফেকচারিং ও সেবা খাতের কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প এবং ট্রেডিং খাতের মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোগ এর সংজ্ঞা এবং সর্বোচ্চ ঋণসীমা নিম্নবর্ণিতভাবে পুনঃনির্ধারণ করা হলঃ

### ক. ম্যানুফেকচারিং ও সেবা খাত

### ১.০. কুটির শিল্প (Cottage Industry)

১.১. 'কুটির শিল্প' বলতে পরিবারের সদস্যদের প্রাধান্যভুক্ত সেসব শিল্প প্রতিষ্ঠানকে বোঝাবে যেসব প্রতিষ্ঠানে জমি এবং কারখানা ভবন ব্যতীত স্থায়ী সম্পদের মূল্য প্রতিস্থাপন ব্যয়সহ ১০ লক্ষ টাকার নীচে এবং যা পারিবারিক সদস্যসহ অন্যান্য সদস্য সমন্বয়ে গঠিত এবং সর্বোচ্চ জনবল ১৫ এর অধিক নয়।

১.২. কোন একটি মানদন্ডের ভিত্তিতে একটি কর্মকান্ড কুটির শিল্পের অন্তর্ভুক্ত হলেও অন্য মানদন্ডে সেটি মাইক্রো শিল্পের অন্তর্ভূক্ত হতে পারে । সেক্ষেত্রে এ কর্মকান্ডটি মাইক্রো শিল্পের অন্তর্ভুক্ত বলে বিবেচিত হবে।

১.৩. কুটির শিল্প খাতের একজন গ্রাহককে সর্বোচ্চ ১০ (দশ) লক্ষ টাকা ঋণ প্রদান করা যাবে।

### ২.০. মাইক্রো শিল্প (Micro Industry)

২.১. ম্যানুফেকচারিংয়ের ক্ষেত্রে 'মাইক্রো শিল্প' বলতে সেসব শিল্প প্রতিষ্ঠানকে বোঝাবে যেসব প্রতিষ্ঠানে জমি এবং কারখানা ভবন ব্যতিরেকে স্থায়ী সম্পদের মূল্য প্রতিস্থাপন ব্যয়সহ ১০ লক্ষ টাকা থেকে ৭৫ লক্ষ টাকা কিংবা যেসব শিল্প প্রতিষ্ঠানে ১৬-৩০ জন বা তার চেয়ে কম সংখ্যক শ্রমিক কাজ করে।

২.২. সেবা শিল্পের ক্ষেত্রে 'মাইক্রো শিল্প' বলতে সেসব শিল্প প্রতিষ্ঠানকে বোঝাবে যেসব প্রতিষ্ঠানে জমি এবং কারখানা ভবন ব্যতিরেকে স্থায়ী সম্পদের মূল্য প্রতিস্থাপন ব্যয়সহ ১০ লক্ষ টাকার নীচে কিংবা যেসব শিল্প প্রতিষ্ঠানে সর্বোচ্চ ১৫ জন শ্রমিক কাজ করে।

২.৩. কোন একটি মানদন্ডের ভিত্তিতে একটি কর্মকান্ড মাইক্রো শিল্পের অন্তর্ভুক্ত হলেও অন্য মানদন্ডে সেটি ক্ষুদ্র শিল্পের অন্তর্ভুক্ত হতে পারে । সেক্ষেত্রে এ কর্মকান্ডটি ক্ষুদ্র শিল্পের অন্তর্ভুক্ত বলে বিবেচিত হবে। তবে তৈরী পোশাক প্রতিষ্ঠান/ শ্রমঘন শিল্পের ক্ষেত্রে এ বিধান প্রযোজ্য হবে না ।

২.৪ ম্যানুফ্যাকচারিং খাতভুক্ত মাইক্রো শিল্পের একজন গ্রাহককে সর্বোচ্চ ১ (এক) কোটি টাকা এবং সেবা খাতভুক্ত মাইক্রো শিল্পের একজন গ্রাহককে সর্বোচ্চ ২৫ (পঁচিশ) লক্ষ টাকা ঋণ প্রদান করা যাবে।

চলমান পাতা/২

## ৩.০. ক্ষুদ্র শিল্প (Small Industry)

৩.১. ম্যানুফেকচারিংয়ের ক্ষেত্রে 'ক্ষুদ্র শিল্প' বলতে সেসব শিল্প প্রতিষ্ঠানকে বোঝাবে যেসব প্রতিষ্ঠানে জমি এবং কারখানা ভবন ব্যতিরেকে স্থায়ী সম্পদের মূল্য প্রতিস্থাপন ব্যয়সহ ৭৫ লক্ষ টাকা থেকে ১৫ কোটি টাকা কিংবা যেসব শিল্প প্রতিষ্ঠানে ৩১-১২০ জন শ্রমিক কাজ করে।

৩.২. সেবা শিল্পের ক্ষেত্রে 'ক্ষুদ্র শিল্প' বলতে সেসব শিল্প প্রতিষ্ঠানকে বোঝাবে যেসব প্রতিষ্ঠানে জমি এবং কারখানা ভবন ব্যতিরেকে স্থায়ী সম্পদের মূল্য প্রতিস্থাপন ব্যয়সহ ১০ লক্ষ টাকা থেকে ২ কোটি টাকা কিংবা যেসব শিল্প প্রতিষ্ঠানে ১৬-৫০ জন শ্রমিক কাজ করে।

৩.৩. কোন একটি মানদন্ডের ভিত্তিতে একটি কর্মকান্ড ক্ষুদ্র শিল্পের অন্তর্ভুক্ত হলেও অন্য মানদন্ডে সেটি মাঝারি শিল্পের অন্তর্ভুক্ত হতে পারে । সেক্ষেত্রে এ কর্মকান্ডটি মাঝারি শিল্পের অন্তর্ভুক্ত বলে বিবেচিত হবে। তবে তৈরী পোশাক প্রতিষ্ঠান/ শ্রমঘন শিল্পের ক্ষেত্রে এ বিধান প্রযোজ্য হবে না ।

৩.৪. ম্যানুফ্যাকচারিং খাতভুক্ত ক্ষুদ্র শিল্পের একজন গ্রাহককে সর্বোচ্চ ২০ (বিশ) কোটি টাকা এবং সেবা খাতভুক্ত ক্ষুদ্র শিল্পের একজন গ্রাহককে সর্বোচ্চ ৫ (পাঁচ) কোটি টাকা ঋণ প্রদান করা যাবে।

## ৪.০. মাঝারি শিল্প (Medium Industry)

৪.১. ম্যানুফেকচারিংয়ের ক্ষেত্রে 'মাঝারি শিল্প' বলতে সেসব শিল্প প্রতিষ্ঠানকে বোঝাবে যেসব প্রতিষ্ঠানে জমি এবং কারখানা ভবন ব্যতিরেকে স্থায়ী সম্পদের মূল্য প্রতিস্থাপন ব্যয়সহ ১৫ কোটি টাকার অধিক এবং অনধিক ৫০ কোটি টাকা কিংবা যেসব শিল্প প্রতিষ্ঠানে ১২১-৩০০ জন শ্রমিক নিয়োজিত রয়েছে। তবে তৈরী পোষাক প্রতিষ্ঠান/শ্রমঘন শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে মাঝারি শিল্পে শ্রমিকের সংখ্যা হবে সর্বোচ্চ ১০০০ জন।

৪.২. সেবা শিল্পের ক্ষেত্রে 'মাঝারি শিল্প' বলতে সেসব শিল্প প্রতিষ্ঠানকে বোঝাবে যেসব প্রতিষ্ঠানে জমি এবং কারখানা ভবন ব্যতিরেকে স্থায়ী সম্পদের মূল্য প্রতিস্থাপন ব্যয়সহ ২ কোটি টাকা থেকে ৩০ কোটি টাকা পর্যন্ত কিংবা যেসব শিল্প প্রতিষ্ঠানে ৫১-১২০ জন শ্রমিক নিয়োজিত রয়েছে।

৪.৩. কোন একটি মানদন্ডের ভিত্তিতে একটি কর্মকান্ড মাঝারি শিল্পের অন্তর্ভুক্ত হলেও অন্য মানদন্ডে সেটি বৃহৎ শিল্পের অন্তর্ভুক্ত হতে পারে । সেক্ষেত্রে এ কর্মকান্ডটি বৃহৎ শিল্পের অন্তর্ভুক্ত বলে বিবেচিত হবে। তবে তৈরী পোশাক প্রতিষ্ঠান/ শ্রমঘন শিল্পের ক্ষেত্রে এ বিধান প্রযোজ্য হবে না ।

৪.৪. ম্যানুফ্যাকচারিং খাতভুক্ত মাঝারি শিল্পের একজন গ্রাহককে সর্বোচ্চ ৭৫ (পঁচাত্তর) কোটি টাকা এবং সেবা খাতভুক্ত মাঝারি শিল্পের একজন গ্রাহককে সর্বোচ্চ ৫০ (পঞ্চাশ) কোটি টাকা ঋণ প্রদান করা যাবে।

## খ. ট্রেডিং/ব্যবসা খাত

৫.১. ট্রেডিং খাতের 'মাইক্রো উদ্যোগ' বলতে সেসব প্রতিষ্ঠানকে বোঝাবে যেসব প্রতিষ্ঠানে জমি এবং কারখানা ভবন ব্যতিরেকে স্থায়ী সম্পদের মূল্য প্রতিস্থাপন ব্যয়সহ ১০ লক্ষ টাকার নীচে কিংবা যেসব প্রতিষ্ঠানে সর্বোচ্চ ১৫ জন শ্রমিক কাজ করে কিংবা যেসব প্রতিষ্ঠানের বার্ষিক টার্নওভার সর্বোচ্চ ১ কোটি টাকা ।

৫.২. ট্রেডিং খাতের 'ক্ষুদ্র উদ্যোগ' বলতে সেসব প্রতিষ্ঠানকে বোঝাবে যেসব প্রতিষ্ঠানে জমি এবং কারখানা ভবন ব্যতিরেকে স্থায়ী সম্পদের মূল্য প্রতিস্থাপন ব্যয়সহ ১০ লক্ষ টাকা থেকে ২ কোটি টাকা কিংবা যেসব প্রতিষ্ঠানে ১৬-৫০ জন শ্রমিক কাজ করে কিংবা যেসব প্রতিষ্ঠানের বার্ষিক টার্নওভার ১ কোটি টাকার অধিক কিন্তু ১২ কোটি টাকার বেশী নয়।

৫.৩. কোন একটি মানদন্ডের ভিত্তিতে একটি উদ্যোগ/প্রতিষ্ঠান নিম্নতর ধাপের অন্তর্ভুক্ত হলেও অন্য মানদন্ডে সেটি উচ্চতর ধাপের অন্তর্ভুক্ত হতে পারে । সেক্ষেত্রে সংশ্লিষ্ট উদ্যোগ/প্রতিষ্ঠান উচ্চতর ধাপের অন্তর্ভুক্ত বলে বিবেচিত হবে।

৫.৪. অনুচ্ছেদ ৫.১ এবং ৫.২ মোতাবেক সংজ্ঞায়িত ট্রেডিং খাতের 'মাইক্রো উদ্যোগ' ও 'ক্ষুদ্র উদ্যোগ' ব্যতীত ট্রেডিং খাতের অন্যান্য উদ্যোগ এসএমই অর্থায়ন কার্যক্রমের আওতাভুক্ত বলে বিবেচিত হবে না ।

৫.৫. ট্রেডিং খাতের মাইক্রো উদ্যোগের ক্ষেত্রে সর্বোচ্চ ২৫ (পঁচিশ) লক্ষ টাকা এবং ক্ষুদ্র উদ্যোগের ক্ষেত্রে সর্বোচ্চ ৫ (পাঁচ) কোটি টাকা ঋণ প্রদান করা যাবে।

চলমান পাতা/৩

৬. এ সার্কুলারের আলোকে ত্রৈমাসিক ভিত্তিতে এসএমই অর্থায়নের তথ্য যথারীতি অত্র বিভাগে দাখিল করতে হবে। একইসাথে, ট্রেডিং খাতের মাইক্রো, ক্ষুদ্র এবং অন্যান্য উদ্যোগে বিতরণকৃত মোট ঋণের তথ্য পৃথকভাবে ত্রৈমাসিক ভিত্তিতে অত্র বিভাগে দাখিল করতে হবে।

৭. বিআরপিডি সার্কুলার নং-৭ তারিখ ০৩ নভেম্বর ২০০৪ এর মাধ্যমে জারীকৃত Prudential Regulations for Small Enterprises Financing -2004 এর পার্ট-বি এর রেগুলেশন-৩ এতদ্বারা রহিত করা হলো।

৮. এতদসংক্রান্ত বিষয়াবলী ব্যতিরেকে ৭ জানুয়ারী ২০১৬ তারিখে জারীকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-০১ (মাস্টার সার্কুলার) এ বর্ণিত অন্যান্য নির্দেশাবলী অপরিবর্তিত থাকবে।

এ সার্কুলার অবিলম্বে কার্যকর হবে ।

আপনাদের বিশ্বস্ত,

(স্বপন কুমার রায়)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০৫০২